দৈনিক ইনকিলাব

তারিখ JUL 2 8 1999
পৃষ্ঠা ৮ কলাম ৩

41

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্র কল্যাণ সমিতির সভা অনুষ্ঠিত

ইঃ বিঃ রিপোর্টার ঃ ইসলামী বিশ্ববিদ্যালয়ে খুলনা জেলা ছাত্র কল্যাণ সমিতির উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের সেমিনার কক্ষে এক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন রেজিস্ট্রার অফিসের শাখা কর্মকর্তা মাহ্বুদুল হক তালুকদার। উক্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন আবেদ আলী, সাইফুল কবীর, নূরুল ইসলাম, আবু ওবায়দা, সেলিনা কবির, কামরুল আলম; সাইফুল ইসলাম প্রমুখ। সভায় সাইফুল কবিরকে সভাপতি ও জাহিদুল ইসলামকে সাধারণ সম্পাদক করে ২৩ সদস্যবিশিষ্ট খুলনা জেলা ছাত্রকল্যাণ সমিতির কমিটি গঠন করা হয়। সমিতির অন্যান্য কর্মকর্তা হলেন- সহসভাপতি নূরুল ইসলাম মাহমুদ রান ও আব্দুল বারী। যুগ্ম সম্পাদক আবু ওবায়দা ফারাহ নেওয়াজ। কোষাধ্যক্ষ সাইফুল ইসলাম, সাহিত্য সম্পাদক মিজান ও শরীফুল ইসলাম। প্রচার সম্পাদক হাসিব, সাংগঠনিক সম্পাদক শেখ মাহমুদ, মহিলা বিষয়ক সম্পাদিকা লায়লা বিলকিছ (শম্পা) সহমহিলা সম্পাদিকা সেলিনা কবির ও পরমা এবং কার্যকরী সদস্য মাহবুবুর রহমান, শাহীনূর ও হাবিবুর রহমান।